

🗏 আর-রাহমান | Ar-Rahman | ٱلرَّحْمَٰن

আয়াতঃ ৫৫: ৫৮

💵 আরবি মূল আয়াত:

كَانَّهُنَّ اليَاقُوتُ وَ المَرجَانُ ﴿٥٨﴾

🗚 আনুবাদসমূহ:

তারা যেন হীরা ও প্রবাল। — আল-বায়ান

তারা যেন পদারাগ ও প্রবাল। — তাইসিরুল

তারা যেন প্রবাল ও পদ্মরাগ; — মুজিবুর রহমান

As if they were rubies and coral. — Sahih International

৫৮. তারা যেন পদ্মরাগ ও প্রবাল।

তাফসীরে জাকারিয়া

(৫৮) তারা (সৌন্দর্যে) যেন পদ্মরাগ ও প্রবালসদৃশ। [1]

[1] অর্থাৎ, পরিষ্কার-পরিচ্ছন্নতার দিক দিয়ে পদ্মরাগ এবং শুভ্রতামিশ্রিত রক্তবর্ণের দিক দিয়ে হবে প্রবালের মত। যেমন অনেক সহীহ হাদীসেও তাদের স্বচ্ছ রূপ-সৌন্দর্যের কথা এই ভাষায় ব্যক্ত করা হয়েছে, يُرَى مُخُ سُوْقِهِنَ "তাদের দেহের রূপ-স্বচ্ছতার কারণে তাদের পদনালীর মজ্জা হাড় ও মাংসের বাহির থেকে পরিদৃষ্ট হবে।" (বুখারীঃ সৃষ্টির সূচনা অধ্যায়, মুসলিমঃ জান্নাত অধ্যায়) অপর আর একটি বর্ণনায় এসেছে (রসূল (সাঃ) বলেছেন,) "জান্নাতের স্ত্রীরা এত সুন্দরী ও সুদর্শনা হবে যে, যদি তাদের মধ্যে কোন একজন পৃথিবীবাসীদের প্রতি উকি দেয়, তবে আকাশ ও পৃথিবীর মধ্যস্থলের সম্পূর্ণ অংশটা উজ্জ্বল হয়ে যাবে এবং সুগন্ধিতে ভরে যাবে। আর তাদের মাথার ওড়না এত মূল্যবান হবে যে, তা দুনিয়া ও তাতে যা কিছু আছে তার থেকেও শ্রেয় হবে।" (বুখারীঃ জিহাদ অধ্যায়)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4959

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন